গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি শিক্ষা অধিদপ্তর
এফ-৪/বি, আগারগাঁও প্রশাসনিক এলাকা
শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭।
www.techedu.gov.bd

স্মারক নং-৩৭.০৩.০০০০.০৬৩.৩২.০১২.১৬(১)- ০১ তারিখ ঃ ০২ জানুয়ারী, ২০১৭খ্রিঃ।

বিষয় ঃ উন্নয়ন মেলা আয়োজনের বিষয়ে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী।

সূত্র ঃ ১। শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং ৩৭.০০.০০০০.০৬৫.৩২.০০৩.১৬-৬০২, তারিখঃ ২৭ ডিসেম্বর, ২০১৬খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে জানানো যাচ্ছে যে, শিক্ষা মন্ত্রণালয়ে উন্নয়ন মেলা আয়োজনের বিষয়ে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হ'ল।

সংযুক্ত ঃ বর্ণনা মতে।

২/১/১৭

(মনজুরুল কাদের)
যুগ্ম-সচিব
ও
পরিচালক(পিআইডব্লিউ)

২/০১/১৭

বিতরণ ঃ
অধ্যক্ষ,
টেকনিক্যাল টিচার্স ট্রেনিং কলেজ/ সিলেট ইঞ্জিনিয়ারিং কলেজ/
ময়মনসিংহ ইঞ্জিনিয়ারিং কলেজ/ফরিদপুর ইঞ্জিনিয়ারিং কলেজ।
অধ্যক্ষ,
-----------------------------------পলিটেকনিক ইনস্টিটিউট/
বাংলাদেশ ইনস্টিটিউট অব গ্লাসএন্ড সিরামিক/ গ্রাফিক আর্টস ইনস্টিটিউট, ঢাকা/
বাংলাদেশ সার্ভে ইনস্টিটিউট/ফেনী কম্পিউটার ইনস্টিটিউট, ফেনী/
ভোকেশনাল টিচার্স ট্রেনিং ইনস্টিটিউট,বগুড়া।

অধ্যক্ষ,
টেকনিক্যাল স্কুল এন্ড কলেজ, ..........................................।
আঞ্চলিক পরিদর্শক, আঞ্চলিক পরিদর্শকের কার্যালয়, ঢাকা/চট্টগ্রা/রাজশাহী/খুলনা।

অনুলিপিঃ

১-৪ । পরিচালক (প্রশাসন/পরিঃ ও উন্নঃ/পিআইডব্লিউ/ভোকেশনাল), কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
৫ । জনাব মোঃ সারওয়ার হোসেন, সিনিয়র সহকারী সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
৬ । ভারপ্রাপ্ত কর্মকর্তা, IC সেল, পত্রখানা জরুরী ভিত্তিতে ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ।
৭ । মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা। মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য।
৮ । নথি।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
www.moedu.gov.bd.

বিষয় : **উন্নয়ন মেলা আয়োজনের বিষয়ে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী।**

**সভাপতি :** জনাব মো: সোহরাব হোসাইন

সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।

**তারিখ** : ২১ ডিসেম্বর ২০১৬

**সময়** : সকাল ১১:০০ মিনিট

**সভার স্থান:** সম্মেলন কক্ষ (কক্ষ নং- ১৮১৫)।

**উপস্থিতির তালিকা:** পরিশিষ্ট "ক"।

সভাপতি উপস্থিত সবাইকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন এবং বঙ্গবন্ধুর স্বদেশ প্রত্যাবর্তন দিবসকে সামনে রেখে অনুষ্ঠিতব্য উন্নয়ন মেলার আয়োজনের অগ্রগতির বিষয়ে অতিরিক্ত সচিব (প্রশাসন ও অর্থ)-কে উপস্থাপনের অনুরোধ জানান। অতিরিক্ত সচিব (প্রশাসন ও অর্থ) সভায় জানান যে, গত ১৮ ডিসেম্বর, ২০১৬ তারিখ মাননীয় প্রধানমন্ত্রীর কার্যালয়ের (S.D.G.) বিষয়ক মুখ্য সমন্বয়ক মহোদয় ভিডিও কনফারেন্সের মাধ্যমে আগামী ৯-১১ জানুয়ারি, ২০১৭ তারিখ অনুষ্ঠিতব্য উন্নয়ন মেলার আয়োজনের বিষয়ে বিভিন্ন দিক-নির্দেশনা দেন। সে নির্দেশনার আলোকে আজ এ সভার আয়োজন করা হয়েছে। সভায় তিনি বিভিন্ন অধিদপ্তর-দপ্তর-সংস্থা প্রধানগণদের উন্নয়ন মেলার প্রস্তুতির অগ্রগতি জানাতে অনুরোধ করেন। এ সময় চেয়ারম্যান, এন.সি.টি.বি. জানান যে, তারা উন্নয়ন মেলা উপলক্ষে পোস্টার ও একটি ভিডিও প্রস্তুত করেছেন। ভিডিওটি ও পোস্টারগুলো সভায় প্রদর্শন করা হয় এবং উন্নয়ন মেলায় প্রদর্শনের সিদ্ধান্ত গৃহীত হয়। সভাপতি উন্নয়ন মেলার লক্ষ্য অর্জনে সকল অধিদপ্তর-দপ্তর-সংস্থা প্রধানদের সর্বোচ্চ মনযোগী হয়ে শিক্ষা সংক্রান্ত বর্তমান সরকারের উন্নয়ন কর্মকান্ড সঠিক ভাবে তুলে নির্দেশনা প্রদান করেন। সভায় উন্নয়ন মেলা আয়োজন নিয়ে বিস্তারিত আলোচনা হয় এবং নিম্নলিখিত সিদ্ধান্ত গৃহীত হয়:

(ক) মেলার স্টলে উপস্থাপনযোগ্য বিষয়বস্তুর একটি গাইড লাইন তৈরী করে অতিদ্রুত সকল অধিদপ্তর-দপ্তর-সংস্থা প্রধানকে জানিয়ে দিতে হবে ;

মেলার স্টলে উপস্থাপনযোগ্য সম্ভাব্য বিষয়সমূহ:

(i) মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার বিশেষ উদ্যোগ "শিক্ষা সহায়তা কার্যক্রম ব্রান্ডিং" সংক্রান্ত শ্লোগান;

(ii) শিক্ষাক্ষেত্রে বিশেষ অর্জন (বিনামূল্যে বই বিতরন, উপবৃত্তি প্রদান, যুগোপযোগী কারিকুলাম প্রণয়ন, উচ্চশিক্ষার প্রসার, শিক্ষা প্রতিষ্ঠান সরকারিকরণ, শিক্ষক নিয়োগ, শিক্ষক প্রশিক্ষণ, অবকাঠামো গত উন্নয়ন, শিক্ষাক্ষেত্রে তথ্য প্রযুক্তির ব্যবহার, N.A.A.D.(National Academy for Autism

and Neurodevelopment mental disabilities] স্থাপন, সৃজনশীল মেধা অন্বেষন, বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান শিক্ষক-কর্মচারীর অবসর কল্যাণ সুবিধা, শিক্ষামন্ত্রণালয়ের Replicable Innovation idea ও শিক্ষার অগ্রগতির ক্ষেত্রে তুলনামূলক চিত্র ) ছাড়াও অনান্য উল্লেখযোগ্য বিষয়াদি;

(iii) শিক্ষাক্ষেত্রে ডিজিটালাইজেশন;

(iv) অধিদপ্তর-দপ্তর-সংস্থার উন্নয়ন প্রকল্পের পোস্টার ও ভিডিও চিত্র;

(v) কারিগরি শিক্ষার বিভিন্ন ক্ষেত্রে অগ্রগতিসমূহ;

(vi) মাদ্‌রাসা শিক্ষার ক্ষেত্রে অগ্রগতি সমূহ এবং

(vii) শিক্ষা মন্ত্রণালয়ের সন্ত্রাস ও জঙ্গি বিরোধী কার্যক্রম

(খ) অধিদপ্তর-দপ্তর-সংস্থাগণ তাদের অধীন প্রতিষ্ঠানসমূহে মেলার গাইড লাইন সম্পর্কে অবহিত করবেন;

(গ) মেলার গাইড লাইন সমন্ধে জেলাপ্রশাসক ও থানা নির্বাহী কর্মকর্তা (ইউ.এন.ও.)-কে অবহিত করতে হবে;

(ঘ) শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগ এবং কারিগরি ও মাদ্‌রাসা শিক্ষা বিভাগ এ বছর একত্রে মেলাটি উদযাপন করবে;

(ঙ) গত ৩১/০৮/২০১৬ তারিখে অনুষ্ঠিত উন্নয়ন মেলা আয়োজন সংক্রান্ত সভার অনান্য সিদ্ধান্ত সমূহ পালন এবং

(চ) শিক্ষা মন্ত্রণালয়ের শাখা-২০ (উন্নয়ন-১) হতে গত ১৮ সেপ্টেম্বর, ২০১৬ তারিখের অফিস আদেশমূলে গঠিত কমিটি উন্নয়ন মেলা সংক্রান্ত কার্যক্রম মনিটরিং করবেন।

০২. সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভা সমাপ্ত করেন।

সোহরাব
22.12.2016

(মোঃ সোহরাব হোসাইন)
সচিব
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ

নং- ৩৭.০০.০০০০.০৬৫.৩২.০০৩.১৬-৬০২ তারিখ: ১৩ পৌষ, ১৪২৩ / ২৭ ডিসেম্বর,২০১৬

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. চেয়ারম্যান, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন, শেরেবাংলা নগর, ঢাকা।
২. অতিরিক্ত সচিব (উন্নয়ন/প্রশাসন ও অর্থ/বিশ্ববিদ্যালয়/কলেজ/মাধ্যমিক-সরকারি ও বেসরকারি), শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা।
৪. ব্যবস্থাপনা পরিচালক, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট, ধানমন্ডি, ঢাকা।
৫. চেয়ারম্যান, এন.টি.আর.সি.এ., নায়েম ক্যাম্পাস, ঢাকা।
৬. যুগ্মসচিব (সকল)/যুগ্মপ্রধান (পরিকল্পনা), শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৭. মহাপরিচালক, জাতীয় শিক্ষা ব্যবস্থাপনা একাডেমি, (নায়েম), ঢাকা।
৮. মহাপরিচালক, আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউট, ঢাকা।
৯. চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা ও সভাপতি, আন্তঃশিক্ষা বোর্ড সমন্বয় সাব-কমিটি।
১০. চেয়ারম্যান, এন.সি.টি.বি., মতিঝিল, ঢাকা।
১১. পরিচালক, ব্যানবেইস, পলাশী-নীলক্ষেত, ঢাকা।
১২. সচিব, বাংলাদেশ জাতীয় ইউনেস্কো কমিশন, পলাশী-নীলক্ষেত, ঢাকা।
১৩. প্রধান প্রকৌশলী, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা।
১৪. সদস্য সচিব, বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান শিক্ষক ও কর্মচারী অবসর সুবিধা বোর্ড, পলাশী-নীলক্ষেত, ঢাকা।
১৫. সদস্য সচিব, বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান শিক্ষক-কর্মচারী কল্যাণ ট্রাস্ট, পলাশী-নীলক্ষেত, ঢাকা।

অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো:

১) মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২) সচিবের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

27/12/16

(মোঃ সারওয়ার হোসেন)
সিনিয়র সহকারী সচিব
ফোন: ৯৫৭৭০৯৭।
ই মেইল-: sas_s4@moedu.gov.bd

D:\MEETING RESULATION\MEETING-2016\VICTORY DAY-2016\Meeting RESULATION.docx